# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 05 April, 2025

প্রয়াত প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার ছোটো ছেলে আরাফাত রহমান কোকোর শাশুড়ি এসইউএফ মুকরেমা রেজা (৭১) মারা গেছেন।রবিবার (৬ এপ্রিল) ভোররাত পৌনে ৪টার দিকে রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন তিনি (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

পরিবারের পক্ষ থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নিজের ভেরিফায়েড ফেসবুকে দেওয়া এক পোস্টেও এই তথ্য নিশ্চিত করেছেন।

এসইউএফ মুকরেমা রেজা দীর্ঘদিন ধরে জটিল রোগে আক্রান্ত ছিলেন।মৃত্যুকালে তিনি দুই ছেলে, এক মেয়েসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

তারেক রহমান ও মির্জা ফখরুলের শোক

আরাফাত রহমান কোকোর শাশুড়ি এসইউএফ মুকরেমা রেজার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।তারা মরহুমার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

আজ বাদ আসর রাজধানীর বনানী ডিওএইচএস মাঠে মরহুমার জানাজা শেষে বনানী কবরস্থানে দাফন করা হবে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

উল্লেখ্য, মায়ের অসুস্থতার খবর পেয়ে জরুরি ভিত্তিতে গত ৩০ মার্চ লন্ডন থেকে ঢাকায় ফিরে আসেন আরাফাত রহমান কোকোর স্ত্রী শর্মিলা রহমান।রবিবার সকালে তার বড় মেয়ে জাহিয়া রহমান লন্ডন থেকে ঢাকায় আসেন।

বিএনপি মৃত্যু মির্জা ফখরুল তারেক রহমান মৃত্যু শোক সংবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: https://www.timestodaybd.com/bangladesh/775807355